দৈনিক সংবাদ

তারিখ 19 DEC 1988
পৃষ্ঠা ৮ কলাম ৭

262

১২

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ ঘোষিত তারিখেই যেন পরীক্ষা নেয়া হয়

আমরা ১৯৮৭-৮৮ শিক্ষা-বর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তি হই চলতি বছরের জুন মাসে। আর আমাদের ক্লাস শুরু হয় আগষ্ট মাসে। তথাপি সিলেবাস অর্ধেক শেষ করা এখনো সম্ভব হয়ে ওঠেনি নানা কারণে। এদিকে আমাদের ১ম বর্ষের ফাইনাল পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে আগামী ১৬ই মার্চ ১৯৮৯। এখানে উল্লেখ্য যে, কর্তৃপক্ষ অবশ্য ইতিমধ্যেই নোটিশ জারি করেছেন যেন আগামী জানুয়ারীর ভেতরে সিলেবাসের বাকী অংশ শেষ করে ক্লাস সাসপেণ্ড করা হয়। কর্তৃপক্ষের নিকট আবেদন রইল যেন জারিকৃত এই নোটিশ যে কোন দুর্যোগের মুখেও বলবৎ রাখে না। শুধু উদ্দেশ্য মহৎ হলেই হয় না; তা বাস্তবায়নের জন্য চাই দক্ষ ব্যবস্থাপনা। আমরা সাধ্যমত শ্রম দেব, অতীতের মত পরীক্ষা পেছানোর দাবী বা মিছিল করব না, তবু যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশন জট নিরসনে কিছুটা অগ্রগতি লাভ করতে পারেন। সেশন জট নিরসনের মাধ্যমে আমাদের জীবন রক্ষাকল্পে কর্তৃপক্ষের সাহসী, সুদৃঢ় ও মহৎ উদ্যোগকে আমরা স্বাগত জানাই। তার সাথে সেশন জট

(২-এর পাতায় দেখুন)

### চিঠিপত্র

(৪র্থ পাতার পর)

নিরসনে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করছি। আমরা আশা করব ১৯৯০ সালের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হবে একটা সেশন জট মুক্ত বিশ্ববিদ্যালয় যেখানে থাকবে মানুষ গড়ার আঙ্গিনায় মানুষ হবার পরিবেশ।

১ম বর্ষ (সম্মান) এর ছাত্র-ছাত্রীবৃন্দের পক্ষে--

মনোয়ার হায়দার
১ম বর্ষ (সম্মান)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।